যায়যায়দিন

তারিখ ... 21 APR 2009 ...
পৃষ্ঠা ১৫ কলাম ... ৪ ...

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাসের সময়সূচি পরিবর্তন

যাযাদি রিপোর্ট

দেশব্যাপী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাসের সময়সূচি পরিবর্তন করা হয়েছে। সোমবার শিক্ষা মন্ত্রণালয় এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে। তবে মহানগরের শিক্ষা প্রতিষ্ঠান নতুন সময়সূচির আওতায় পড়বে না।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, নতুন সময়সূচি অনুসারে একক শিফট পরিচালনাকারী সব সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও সমমানের মাদ্রাসার পাঠদান সময়সূচি হবে সকাল ১০টা থেকে বিকাল ৪টা।

ডাবল শিফট পরিচালনাকারী শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্থানীয় অবস্থা বিবেচনায় নিয়ে প্রতি শিফটে ন্যূনতম পাঁচ ঘণ্টা পাঠদান নির্ধারণ করে প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি উভয় শিফটের জন্য সময়সূচি স্থির করবে। ক্লাসের : পৃষ্ঠা ১৫ কলাম ৩

## ক্লাসের : সময়সূচি

(শেষ পৃষ্ঠার পর)

তবে প্রভাতী শিফটের ক্লাস সকাল ৮টার মধ্যে আরম্ভ করতে হবে। মহানগর এলাকায় বর্তমানে নির্ধারিত সময়সূচি অপরিবর্তিত থাকবে। মন্ত্রণালয় থেকে আরো জানানো হয়েছে, অবস্থার পরিপ্রেক্ষিতে সময়সূচির পরিবর্তন প্রয়োজন হলে পাঠদান ঘণ্টা অপরিবর্তিত রেখে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি স্থানীয়ভাবে ভিন্ন সময়সূচি নির্ধারণ করতে পারবে।

বিদ্যুৎ সাশ্রয় ও গরমের হাত থেকে রেহাই পাওয়ার উদ্দেশ্যে ২০০৭ সালে বিগত তত্ত্বাবধায়ক সরকারের আমলে মাধ্যমিক পর্যায়ের স্কুলে ক্লাসের সময়সূচিতে পরিবর্তন আনা হয়েছিল। বছরের ছয় মাস স্কুল সকাল ৮টা থেকে শুরু করে দুপুর ২টার মধ্যে শেষ করার নির্দেশ দেয়া হয়েছিল।